

الْمُصَوِّرُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ১৪তম নাম ‘الْمُصَوِّرُ’ আজকের আলোচনার বিষয়।

আল্লাহ ‘الْمُصَوِّرُ’ অর্থ: আল্লাহ ‘আকৃতিদাতা’, ‘রূপদাতা’।

পবিত্র কুরআন মজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْأَسْمَاءُ الْحُسْنَى يُسَبِّحُ لَهُ مَا فِي السَّمَاوَاتِ
وَالْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٢٤﴾

সূরা আল হাশর ২৪ নং আয়াত -

তিনিই আল্লাহ, স্রষ্টা, সৃষ্টির উদ্ভাবক, আকৃতিদাতা, সব সুন্দর নাম তাঁরই। মহাকাশ ও পৃথিবীর সবকিছুই তাঁর তসবিহ করে। তিনি মহাশক্তিধর, মহাপ্রজ্ঞাবান।

هُوَ الَّذِي يُصَوِّرُكُمْ فِي الْأَرْحَامِ كَيْفَ يَشَاءُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٦﴾

সূরা আলে ইমরান ৬ নং আয়াত -

তিনিই সেই সত্তা যিনি তোমাকে সুরত গঠন করেন রেহেম (মাতৃগর্ভে) যেভাবে তিনি চান। নেই কোন ইলাহ তিনি ছাড়া, অসীম ক্ষমতাধর, মহাপ্রজ্ঞাবান তিনি।

لَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ فِي أَحْسَن تَقْوِيمٍ ﴿٤﴾

সূরা আত তীন ৪ নং আয়াত -

নিশ্চয়ই আমরা সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতর গঠন প্রকৃতিতে।

আল্লাহ ‘আল মুসাওয়িরু’ এমন সুন্দরতম আকৃতি ও রূপে আমাদের সৃষ্টি করেছেন। আমাদের উচিত কখনও তাঁর অবাধ্য না হওয়া, তাঁর বিরুদ্ধাচরণ না করা, তাঁর সৃষ্টির প্রতি অন্যায়, অত্যাচার, অবিচার না করা। তাঁর নেয়ামতের শুকরিয়া আদায় করা।

যদি আমরা তাঁর শোকরগুজার না করি, যদি আমরা তার সৃষ্টিকে ধ্বংস করি, জুলুম-নির্যাতনে লিপ্ত থাকি এবং সর্বোপরি তাঁর সাথে শরীক করি, তবে দুনিয়া ও আখেরাতে আমাদেরকে কঠিন শাস্তি প্রদান করবেন। আল্লাহ ‘আল মুসাওয়িরু’ ঘোষণা করেছেন তিনি শিরক্ ছাড়া সমস্ত অপরাধ ক্ষমা করবেন।

সুতরাং শিরক্ সম্পর্কে আমরা সাবধান হই। আমরা শিরক্ মুক্ত জীবন যাপন করার তৌফিক আল্লাহ আমাদেরকে দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা